

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-৩)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)



নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬১২.১৮, ২২

তারিখ: ২১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়, লোহাগড়া, নড়াইল-কে সরকারিকরণ করায় উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত নিম্নবর্ণিত ০১ (এক) জন শিক্ষককে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে নিম্নোক্ত শর্ত মোতাবেক সরকারিকরণের তারিখ (০৭.০৫.২০১৮ খ্রি.) হতে এডহক ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়-এ পদায়ন করা হলো :

ক্রঃ নং	কর্মরত শিক্ষকের নাম ও জন্ম তারিখ	পদবি	বিষয়	জাতীয় বেতন স্কেল (২০১৫)
১.	জনাব এস. এম. হায়াতুজ্জামান জন্ম তারিখ: ১৫-০৮-১৯৬৭ খ্রি.	সহকারী প্রধান শিক্ষক	প্রশাসনিক	২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)


০২। বর্ণিত শিক্ষকের স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চরিত্র সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের সন্তোষজনক রিপোর্ট এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (বি.পি.এস.সি) এর সুপারিশের ভিত্তিতে (প্রযোজ্য ক্ষেত্রে) পরবর্তীতে যথাযথ প্রক্রিয়ায় তাঁর চাকরি নিয়মিতকরণ ও স্থায়ী করা হবে।

০৩। শর্তসমূহ:

- সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে হবে;
- প্রচলিত বিধি-বিধান অনুযায়ী চাকরি নিয়মিতকরণ ও স্থায়ীকরণ করা হবে;
- প্রচলিত বিধি মোতাবেক তাঁর জ্যেষ্ঠতা ও বেসরকারি আমলে কর্মরত চাকুরীকাল গণনা করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;
- আদেশ জারির তারিখ হতে সংশ্লিষ্ট শিক্ষকের Monthly Payment Order (MPO) বাতিল বলে গণ্য হবে এবং তিনি সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- এ শিক্ষা প্রতিষ্ঠানের আত্মীকৃত কোন শিক্ষক/শিক্ষিকা অন্য কোন প্রতিষ্ঠানে বদলি হতে পারবে না;
- প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি/আদেশ প্রযোজ্য হবে;
- সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি ও বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- যে কোন প্রকার করণিক ভুল উপযুক্ত প্রমাণ সাপেক্ষে সংশোধনযোগ্য।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোহাম্মদ আলমগীর হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৬৭৮০


ই-মেইল: [govt.sec3@moedu.gov.bd](mailto:govt.sec3@moedu.gov.bd)

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.১৫.৬১২.১৮.২৫২

তারিখ: ২১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ০৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৬। কমিশনার, বিভাগীয় কমিশনের কার্যালয়, খুলনা।
- ০৭। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ০৮। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (এডহক নিয়োগ আদেশ জারির তারিখ হতে এম.পি.ও বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৯। জেলা প্রশাসক, নড়াইল।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। পুলিশ সুপার, নড়াইল (প্রয়োজনীয় পুলিশ তদন্ত সাপেক্ষে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। সিভিল সার্জন, নড়াইল (প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের অনুরোধসহ)।
- ১৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরান পল্টন, ঢাকা।
- ১৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৯। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ২০। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ২১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, লোহাগড়া, নড়াইল।
- ২২। প্রধান শিক্ষক, লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়, লোহাগড়া, নড়াইল।
- ২৩। জনাব .....
- ২৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

  
(মোহাম্মদ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব